

## ভিকারুননিসা এলামনাই অস্ট্রেলিয়া'র আয়োজনে রিইউনিয়ন এবং চ্যারিটি ইভেন্ট

### শাখাওয়াৎ নয়নঃ

গত ২০ নভেম্বর ২০২২, রবিবার দুপুরে ভিকারুননিসা এলামনাই অস্ট্রেলিয়া'র আয়োজনে গ্রীনফিল্ড কমিউনিটি সেন্টারে গ্রান্ড রিইউনিয়ন পার্টি এবং চ্যারিটি ইভেন্ট অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে “নূন সমীরণ” নামে অত্যন্ত দৃষ্টিনন্দন একটি ম্যাগাজিন প্রকাশ করেছে। যার পাতায় পাতায় চোখ রাখলে কেবলই মনে হয় “বৃক্ষ বোঝে মেঘের মন”।

চ্যারিটি কার্যক্রমের অংশ হিসেবে টিকিট বিক্রয় এবং স্পন্সরদের কাছ থেকে প্রাপ্ত অর্থ থেকে “কালচারাল ডাইভার্সিটি নেটওয়ার্ক ইনকরপোরেটেড’কে (সিডিএনআই) ছয় হাজার ডলার অনুদান প্রদান করা হয়েছে। উক্ত অর্থ ফ্যামিলি এন্ড ডোমেস্টিক ভায়োলেন্স ভিক্টিমদের জন্য ব্যয় করা হবে। এতে ভিকারুননিসা স্কুল এন্ড কলেজের ২৮৪ জন সাবেক ছাত্রীসহ মোট ৬২০ জন অতিথি অংশগ্রহণ করেন।

দুপুর সাড়ে বারোটায় বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্যে দিয়ে অনুষ্ঠান শুরু করা হয়। সংগঠনের সভাপতি ডাঃ মাহবুবা খানম মুক্তা, সাধারণ সম্পাদক ডাঃ সুরঞ্জনা জেনিফার রহমান এবং কোষাধ্যক্ষ তাসরিমা নাহিদ ত্বনী তাঁদের বক্তব্যে সংগঠনের উৎপত্তি, ক্রমবিকাশ এবং দাতব্য কার্যক্রমসমূহ তুলে ধরেন। ডাঃ মাহবুবা এবং ডাঃ সুরঞ্জনা বলেন, ‘আমরা শুধুমাত্র ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজের ছাত্রীদের জন্য একটি প্ল্যাটফর্ম গড়ে তোলার জন্যই এই সংগঠন তৈরি করিনি, আমরা আরো বৃহত্তর পরিসরে অস্ট্রেলিয়ান সমাজের পাশে দাঁড়াবার জন্যও কাজ করছি। ইতোমধ্যে “ভিকারুননিসা এলামনাই অস্ট্রেলিয়া” একটি নট ফর প্রোফিট অর্গানাইজেশন হিসেবে নিবন্ধিত সংগঠন হিসেবে আত্মপ্রকাশ করেছে। দাতব্য কার্যক্রমের অংশ হিসেবে আমরা ‘হোমলেসনেস সাপোর্ট শেল্টার’, ‘রেড ক্রস এনএসডাব্লিউ’, ‘ফুইলপ্যান্ড ফ্লাড আপীল’ এবং ‘এম্পাওয়ারমেন্ট প্রজেক্ট ফর ডিসএডভান্টেজড উইমেন’দের জন্য এ পর্যন্ত ২১ হাজার ডলারের বেশি অনুদান দিয়েছি’।

বক্তব্যের স্বল্পতা এবং বিনোদনের প্রাচুর্য্যতায় সাজানো অনুষ্ঠানে উপস্থাপনায় এনেছে চমক লাগানো নতুনত্ব। ভিকারুননিসার স্কুলড্রেস পরিহিত দুই উপস্থাপিকা (নূর এ নাজিয়া বিপা এবং আনুশা রহমান) বিনোদনের মধুর সংযোজন। সঙ্গীতে, নৃত্যে ক্ষুপদী এবং সিনেমার গানের উপস্থিতি সব ধরনের দর্শকদের মনোযোগ ধরে রেখেছে, প্রিয়জনের মতো। তামিমা শাহরিনের কণ্ঠে “বাগিচায় বুলবুলি তুই ফুলশাখাতে, দিসনে আজই দোল” নজরুল সঙ্গীতের সাথে এডওয়ার্ড অশোক অধিকারীর ভিডিও চিত্র ছিল মনোমুগ্ধকর। ব্রিজবেন থেকে উড়ে আসা প্রিয়াঙ্কা বিশ্বাস গাইলেন “তোমাকে চাই আমি আরো কাছে” সাথে বাংলা সিনেমার নাচ ছিল উল্লেখযোগ্য।

